"বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্ত পূনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০০৫" এবং প্রস্তাবিত "বেসরকারি মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্ত পূনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা ২০১৭" এর প্রস্তাব বিবরণী

ধারা	উপধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
১	-	-	**বিধিমালার নামঃ-** এই বিধিমালা বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তি পূনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।	**বিধিমালার নামঃ** এই বিধিমালা "বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা-২০১৭" নামে অভিহিত হইবে।	**বর্তমান সময়ের জন্য প্রযোজ্য**
২	-	-	**সংজ্ঞাঃ-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী ভিন্নরূপ কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-	**অপরিবর্তিত**	
		(ক)	**"আইন"** অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন)ঃ	ক) **অপরিবর্তিত**	
		(খ)	**"কেন্দ্র"** বলিতে বেসরকারী পর্যায়ে প্রতিষ্ঠিত মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র বা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বা মাদকাসক্তি পূনর্বাসন কেন্দ্র বুঝাইবে;	খ) **অপরিবর্তিত**	
		(গ)	**"চিকিৎসা"** অর্থ সরকার বা সরকারী সংবিধিবদ্ধ সংস্থা ব্যতীত অন্য কোন ব্যক্তি বা বেসরকারী পর্যায়ে কেন্দ্র কর্তৃক পণের বিনিময়ে মাদকাসক্ত ব্যক্তিকে প্রদেয় যে কোন প্রকারের চিকিৎসা সেবা বা বিশেষ পরামর্শ বা পুনর্বাসন ।	গ) **"চিকিৎসা"** অর্থ ব্যক্তির আসক্তিজনিত কষ্ট ও ক্ষয়ক্ষতি হ্রাস, ব্যক্তিকে আসক্তিমুক্ত করা, তাহাকে সুস্থ জীবন যাপনে সহায়তা করা, কিংবা মাদকদ্রব্য ব্যবহারজনিত রোগের ক্ষয়ক্ষতি হ্রাসের জন্য মাদকাসক্তি ব্যক্তিকে প্রদেয় যে কোন চিকিৎসা সেবা বা পরামর্শ;	মাদকাসক্তি হতে মুক্ত হওয়ার বিষয় চিকিৎসায় সংজ্ঞায়িত হয়েছে।
		(ঘ)	**"ফরম"** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন ফরম'	ঘ) **অপরিবর্তিত**	
		(ঙ)	"ব্যক্তি" অর্থ অংশীদারী কারবার, সংঘ ও সমিতি, কোম্পানী, কর্পোরেশন, প্রতিষ্ঠান এবং সংবিধিবদ্ধ সংস্থাও অন্তর্ভূক্ত হইবে;	ঙ) **অপরিবর্তিত**	
		(চ)	"মহাপরিচালক" অর্থ আইনের ধারা ২(ট) এর অধীন নিযুক্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক;	চ) **অপরিবর্তিত**	
		(ছ)	**"মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র"** বলিতে এমন কোন পরামর্শ কেন্দ্রকে বুঝাইবে যেখানে পণের বিনিময়ে মাদকাসক্তিব্যক্তিকে মাদক আসক্ততা হইতে বা মাদক নির্ভরশীলতা মুক্ত হইতে পরামর্শ প্রদান করা হয়;	**ছ) "মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র"** বলিতে এমন কোন পরামর্শ কেন্দ্রকে বুঝাইবে যেখানে মূল্যের বিনিময়ে বা বিনামূল্যে মাদকদ্রব্যের অপব্যবহার ও নির্ভরশীলতা মুক্ত হইতে বহিঃবিভাগীয় ভাবে পরামর্শ প্রদান করা হয়;	যেহেতু এই বিধিমালার অধিন অনুমোদন ব্যতীত কোন কেন্দ্র পরিচালিত হওয়ার সুযোগ নেই, সেহেতু বিধিমালার আলোকে সংজ্ঞাটি সংজ্ঞায়িত করার প্রস্তাব করা হইয়াছে।

ধারা	উপধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
		(জ)	**‘‘মাদকাসক্তি নিরাময় কেন্দ্র”** বলিতে এমন কোন পরামর্শ কেন্দ্রকে বুঝাইবে যেখানে পণের বিনিময়ে মাদকাসক্তিব্যক্তিকে মাদক আসক্ততা হইতে বা মাদক নির্ভরশীলতা মুক্ত হইতে পরামর্শ প্রদান করা হয়;	**জ) "মাদকাসক্তি নিরাময় কেন্দ্র"** এমন কোন চিকিৎসা সেবা প্রদান কেন্দ্রকে বুঝাইবে যেখানে মূল্যের বিনিময়ে বা বিনা মূল্যে মাদকাসক্ত ব্যক্তিকে মাদকদ্রব্যের অপব্যবহার ও নির্ভরশীলতা মুক্ত হইতে আবাসিক বা অনাবাসিক চিকিৎসা ও সহায়তা প্রদান করা হয়;	যেহেতু এই বিধিমালার অধীন অনুমোদন ব্যতীত কোন কেন্দ্র পরিচালিত হওয়ার সুযোগ নেই, সেহেতু বিধিমালার আলোকে সংজ্ঞাটি সংজ্ঞায়িত করার প্রস্তাব করা হইয়াছে।
		(ঝ)	**“মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র”** বলিতে এমন কোন নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রকে বুঝাইবে যেখানে পণের বিনিময়ে মাদকাসক্তিব্যক্তিকে মাদক আসক্ততা হইতে বা মাদক নির্ভরশীলতা মুক্ত হইতে সহায়তা প্রদান করা হয় এবং মাদকাসক্তিব্যক্তিকে সুস্থ সামাজিক ও পারিবারিক জীবনে পুনর্বাসিত হইতে সহায়তা প্রদান করা হয়;	**ঝ) "মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র"** বলিতে এমন কোন নিরাময় ও পূনর্বাসন কেন্দ্রকে বুঝাইবে যেখানে মূল্যের বিনিময়ে বা বিনা মূল্যে মাদকাসক্ত ব্যক্তিকে মাদকদ্রব্যের অপব্যবহার ও নির্ভশীলতা মুক্ত হইতে আবাসিক বা অনাবাসিকভাবে আরোগ্য প্রক্রিয়ায় সহায়তা প্রদান করা হয় এবং তাহাকে সুস্থ্য সামাজিকীকরণ ও পারিবারিক জীবনে পূনর্বাসিত হইতে সহায়তা প্রদান করা হয়;	যেহেতু এই বিধিমালার অধীন অনুমোদন ব্যতীত কোন কেন্দ্র পরিচালিত হওয়ার সুযোগ নেই সেহেতু বিধিমালায় প্রস্তাবনা করা হইয়াছে।
		(ঞ)	“মাদকদ্রব্য” অর্থ আইনের ধারা ২ (ঠ) তে সংজ্ঞায়িত মাদকদ্রব্য;	**ঞ) অপরিবর্তিত**	
		(ট)	“মাদকাসক্ত” অর্থ শারীরিক বা মানসিকভাবে মাদকদ্রব্যের উপর নির্ভরশীল ব্যক্তি অভ্যাসবশে মাদকদ্রব্য ব্যবহারকারী;	**ট) অপরিবর্তিত**	
		(ঠ)	“লাইসেন্স” অর্থ এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স;	**ঠ) অপরিবর্তিত**	
		(ড)	“লাইসেন্সী” অর্থ লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি;	**ড) অপরিবর্তিত**	
		(ঢ)	“লাইসেন্সিং কর্তৃপক্ষ” অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা।	**ঢ) অপরিবর্তিত**	
				ন) **"পরামর্শ"** অর্থ মাদক জনিত কিংবা দ্রব্য সম্পর্কিত রোগের বিষয়ে এই বিধিমালার অধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান কিংবা সংস্থার, মূল্যের বিনিময়ে বা বিনা মূল্যে বহিঃবিভাগীয় প্রদত্ত উপদেশ বা পরামর্শ সেবা ।	বর্তমান পরিস্থিতিতে প্রয়োজন অনুভূত হওয়ায় সংজ্ঞাটি বিধিতে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করা হইয়াছে।
				ত) **"পূনর্বাসন"** অর্থ কোন মাদকদ্রব্য সম্পর্কিত রোগে আক্রান্ত ব্যক্তিকে শারীরিক, মানসিক, নৈতিক, সামাজিক ও সাংস্কৃতিকভাবে সুস্থ্য, সুন্দর, স্বাভাবিক, গঠনমূলক, উৎপাদনশীল ও সুশৃঙ্খলন জীবনে প্রতিষ্ঠায় যোগ্য করে তোলা।	বর্তমান পরিস্থিতিতে প্রয়োজন অনুভূত হওয়ায় সংজ্ঞাটি বিধিতে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করা হইয়াছে।
				থ) **"আসক্তি পেশাজীবি"** অর্থ এই বিধিমালার অধীন স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মাদকাসক্তির চিকিৎসা, পরামর্শ কিংবা মাদকাসক্তদের পূনর্বাসন এর মৌলিক কার্যক্রমে নিয়োজিত প্রায়োগিক ও তাত্ত্বিকজ্ঞান এবং অভিজ্ঞতা সম্পন্ন কোন প্রশিক্ষিত দক্ষ বাক্তি।	বর্তমান পরিস্থিতিতে প্রয়োজন অনুভূত হওয়ায় সংজ্ঞাটি বিধিতে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করা হইয়াছে।

ধারা	উপধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
				দ) "অভিভাবক" অর্থ প্রচলিত আইনে সংজ্ঞায়িত অভিভাবক।	বিধিতে অন্তর্ভূক্ত করা প্রয়োজন।
৩	-	-	**বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্সঃ-**	**অপরিবর্তিত**	
	(১)		কোন ব্যক্তি এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ করিয়া বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র বা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বা মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করিতে পারিবে।	**অপরিবর্তিত**	
	(২)		বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করিতে ইচ্ছুক কোন ব্যক্তি এই বিধিমালার অধীন লাইসেন্সের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নির্ধারিত পদ্ধতিতে ফরম-ক তে আবেদন করিতে পারিবেন।	**অপরিবর্তিত**	
	(৩)		উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত আবেদনে উল্লিখিত তথ্যাবলীর সত্যতা যাচাইয়ের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদন প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার নিকট প্রেরণ করিবে।	**অপরিবর্তিত**	
	(৪)		উপ-বিধি (৩) এর অধীন আবেদন প্রাপ্তির ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে উক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা আবেদনের উলি-খিত স্থান সরেজমিনে পরিদর্শন করিবেন এবং প্রাপ্ত তথ্যাবলী পরীক্ষা ও যাবতীয় বিষয়ে অনুসন্ধান করিবার পর তদবিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে।	**অপরিবর্তিত**	
	(৫)		উপ-বিধি (৪) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনার পর লাইসেন্সিং কর্তৃপক্ষ-	**অপরিবর্তিত**	
		(ক)	যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য নির্ধারিত শর্তাবলী পূরণ করিতে সক্ষম, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীর নিকট হইতে বিধি ৬ এর অধীন নির্ধারিত লাইসেন্স প্রদান করিবে; অথবা	**অপরিবর্তিত**	

ধারা	উপ-ধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
		(খ)	যদি এইরূপ অভিমত পোষণ করে যে, নির্ধারিত শর্তাবলী পূরণ করিবার জন্য আবেদনকারীকে সুযোগ প্রদান করা সমীচীন, তাহা হইলে উক্ত শর্তাবলী পূরণের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীকে অনধিক ৩০ (ত্রিশ) দিন সময় প্রদান করিবে; এবং	**অপরিবর্তিত**	
			(অ) উক্ত সময়ের মধ্যে উল্লিখিত সকল শর্তাবলী প্রতিপালন করিতে আবেদনকারী সক্ষম হইয়াছে মর্মে সন্তুষ্ট হইবার পর পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আবেদন মঞ্জুর করিয়া আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবে; বা (আ) উক্ত সময়ের মধ্যে প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করিতে আবেদনকারী ব্যর্থ হইলে আবেদন না মঞ্জুর করিয়া আবেদনকারীকে অবহিত করিবে; অথবা	**অপরিবর্তিত**	
		(গ)	যদি এইরূপ অভিমত পোষণ করে যে, আবেদনকারী নির্ধারিত শর্তাবলীর মধ্যে অধিকাংশ শর্ত পূরণ করিতে সক্ষম হয় নাই এবং আবেদনকারীকে দফা (খ) তে উল্লিখিত সুযোগ প্রদান করা হইলে উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট শর্তাবলী পূরণ করিতে সক্ষম হইবার সম্ভাবনা নাই, তাহা হইলে আবেদনকারীর আবেদন সরাসরি না মঞ্জুর করিয়া ১৫ (পনের) দিনের মধ্যে আবেদনকারীকে অবহিত করিবে।	**অপরিবর্তিত**	
	(৬)		এই বিধিমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে কোন ব্যক্তি কোন বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র ও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করিয়া থাকিলে তিনি এই বিধিমালা কার্যকর হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উপ-বিধি (২) এ নির্ধারিত পদ্ধতিতে ও ফরমে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।	**অপরিবর্তিত**	

ধারা	উপ-ধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
	(৭)		উপ-বিধি (৬) এর অধীন আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৩), (৪) এবং (৫) এর দফা (ক) ও (খ)-তে বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবে।	**অপরিবর্তিত**	
	(৮)		উপ-বিধি (৫) এর দফা (ক) এ যাহা কিছুই থাকুক না কেন, উপ-বিধি (৬) এর অধীন প্রাপ্ত আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে প্রযোজ্য শর্তাবলী পূরণের জন্য, যদি কোন শর্ত অপূরণকৃত থাকে, একশত আশি দিন সময় প্রদান করিতে হইবে।	**অপরিবর্তিত**	
	(৯)		এই বিধিমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে বিদ্যমান বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র বা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বা মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্সের জন্য উপ-বিধি (৬) এর অধীন আবেদন করা না হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র বা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বা মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার যাবতীয় কার্যক্রম অনতিবিলম্বে বন্ধ রাখিবার নির্দেশ প্রদান করিবে।	**অপরিবর্তিত**	
	(১০)		উপ-বিধি (৬) এর অধীন লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন করা হইলে এবং এই বিধির অধীন নির্ধারিত সময়ে আবেদনকারী লাইসেন্স প্রাপ্তির শর্তপূরণে ব্যর্থ হইলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত আবেদন নামঞ্জুর করিয়া উক্ত বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র বা মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বা মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র এর যাবতীয় কার্যক্রম অনতিবিলম্বে বন্ধ রাখিবার নির্দেশ প্রদান করিবে।	**অপরিবর্তিত**	

ধারা	উপ-ধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
৪			বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার লাইসেন্সের সাধারণ শর্তাবলীঃ-		
	(১)		প্রত্যেকটি বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য নিম্নবর্ণিত সাধারণ শর্তাবলী পালন করিতে হইবে, যথাঃ-	**অপরিবর্তিত**	
		(ক)	উক্ত কেন্দ্র সুরক্ষিত পাকা বাড়িসহ আবাসিক এলাকায় অবস্থিত হইবে এবং উহাতে পর্যাপ্ত আলো বাতাসের সুবিধাসহ নিরিবিলি সুন্দর পরিবেশ থাকিতে হইবে;	ক) উক্ত কেন্দ্র সুরক্ষিত পাকা বাড়িসহ আবাসিক বা অনাবাসিক এলাকায় অবস্থিত হইবে এবং উহাতে পর্যাপ্ত আলো বাতাসের সুবিধাসহ নিরিবিলি সুন্দর পরিবেশ থাকিতে হইবে;	মাদকাসক্তি পরামর্শ, নিরাময় বা পূনর্বাসন কেন্দ্র একটি বিশেষায়িত চিকিৎসা ব্যবস্থা বিধায় কেন্দ্রগুলি যাহাতে অবাসিক বা অনাবাসিক এলাকায় প্রতিষ্ঠিত ও পরিচালিত হয় সেদিক লক্ষ্য রেখে সংশোধনী প্রস্তাব করা হইয়াছে।
		(খ)	উক্ত কেন্দ্রে একজন মাদকাসক্তিরোগীর জন্য গড়ে কমপক্ষে ৮০ (আশি) বর্গফুট মেঝে জায়গা থাকিতে হইবে এবং পর্যাপ্ত নিরাপত্তার সুরক্ষিত ব্যবস্থা থাকিতে হইবে এবং উহা বহুতল ভবনের তৃতীয় বা তদূর্ধ্ব তলায় অবস্থিত হইলে গমনাগমনের জন্য লিফটের ব্যবস্থা থাকিতে হইবে;	খ) উক্ত কেন্দ্রে একজন মাদকাসক্তি রোগীর জন্য বারান্দা ও অন্যান্য কমনস্পেসসহ গড়ে কমপক্ষে আশি বর্গফুট জায়গা থাকিতে হইবে এবং পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা থাকিতে হইবে। কেন্দ্রটি বহুতল ভবনের পঞ্চম বা তদূর্ধ্ব তলায় অবস্থিত হইলে গমনাগমনের জন্য লিফটের ব্যবস্থা থাকিতে হইবে;	দেশের সার্বিক অবস্থা বিবেচনা করে এই প্রস্তাবনা করা হইয়াছে।
		(গ)	প্রতি দশ বেডের জন্য পৃথক একটি টয়লেট, বাথরুম ও পানীয়জল ইত্যাদির সুব্যবস্থাসহ অন্যূন একজন মনোচিকিৎসক (খন্ডকালীন বা সার্বক্ষণিক), একজন ডাক্তার (সার্বক্ষনিক), দুইজন প্রশিক্ষণপ্রাপ্ত নার্স বা বয়, একজন সুইপার বা আয়া এবং ফরম-গ তে বিধৃত জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি থাকিতে হইবে;	**গ-১)** প্রতি দশ বেডের জন্য কমপক্ষে পৃথক একটি টয়লেট, বাথরুম ও পানীয়জল ইত্যাদির সুব্যবস্থা থাকিতে হইবে। **গ-২)** প্রতি ত্রিশ বেডের জন্য একজন চিকিৎসক (সার্বক্ষনিক), একজন মনোচিকিৎসক(সার্বক্ষণিক বা খন্ডকালীন), দুইজন প্রশিক্ষণপ্রাপ্ত নার্স বা বয়, একজন পরিচ্ছন্ন কর্মী এবং **গ-৩)** ফরম-গ তে বিধৃত জীবনরক্ষাকারী উপকরনাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি থাকিতে হইবে।	দেশের সার্বিক অবস্থা বিবেচনা করে এই প্রস্তাবনা করা হইয়াছে।

ধারা	উপ-ধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
		(ঘ)	উক্ত কেন্দ্রে জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদির সুবিধা নির্ধারিত পদ্ধতিতে ফরম-গ তে থাকিতে হইবে এবং রোগীর কেস হিষ্ট্রি সংরক্ষণসহ চিকিৎসা সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণের আধুনিক সুবিধাদি থাকিতে হইবে এবং মাদকাসক্তিব্যক্তির প্রাথমিক পরীক্ষা নিরীক্ষার সুবিধার্থে কেন্দ্রটিকে কোন অনুমোদিত ডায়াগনষ্টিক সেন্টার বা প্যাথলোজিক্যাল ল্যাবরেটরীর সহিত এ্যাফিলিয়েটেড থাকিতে হইবে যাহাতে মাদকাসক্তিব্যক্তি রক্ত, কফ, মলমূত্র ইত্যাদি পরীক্ষ করা যায়;	**অপরিবর্তিত**	
		(ঙ)	উক্ত কেন্দ্রে উপযুক্ত পরামর্শের (একক বা দলগত) ব্যবস্থা থাকিতে হইবে এবং মানসিক বিনোদনের জন্য অভ্যন্তরীণ খেলাধূলার ব্যবস্থা, পত্রিকা, ম্যাগাজিন, টেলিভিশন ইত্যাদির সুবিধা থাকিতে হইবে এবং কাউন্সিলিং এর জন্য অনুর্ধ্ব বিশ জনের উপযোগী একটি ক্লাসরুম এর ব্যবস্থা থাকিতে হইবে;	**অপরিবর্তিত**	
		(চ)	উক্ত কেন্দ্রে চিকিৎসার স্বার্থে কোন মাদকদ্রব্য ব্যবহার করা হইলে উপযুক্ত কর্তৃপক্ষের লাইসেন্স থাকিতে হইবে;	**অপরিবর্তিত**	
	(২)		প্রত্যেকটি বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত সাধারণ শর্তাবলী পালন করিতে হইবে, যথাঃ-	**অপরিবর্তিত**	
		(ক)	উক্ত কেন্দ্র প্রতিষ্ঠার ক্ষেত্রে লাইসেন্সীকে বা তাহার নিযুক্ত পরামর্শ প্রদানকারীকে অবশ্যই মনোবিজ্ঞানে ডিগ্রীধারী বা সাইকিয়াট্রিক ডাক্তার বা মনোরোগ চিকিৎসক হইতে হইবে বা মাদকাসক্তি চিকিৎসা সম্পর্কে অভিজ্ঞতাসহ এম,বি,বি,এস ডিগ্রীধারী হইতে হইবে বা মাদকাসক্তি নিরাময় সম্পর্কে অভিজ্ঞতাসম্পন্ন কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে;	**অপরিবর্তিত**	
		(গ)	উক্ত কেন্দ্রে চিকিৎসার স্বার্থে কোন মাদকদ্রব্য ব্যবহার করা হইলে উপযুক্ত কর্তৃপক্ষের লাইসেন্স থাকিতে হইবে এবং রোগীর কেস হিষ্ট্রি সংরক্ষণসহ চিকিৎসা সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণের আধুনিক সুবিধাদি থাকিতে হইবে এবং পরামর্শের (একক বা দলগত) ব্যবস্থা থাকিতে হইবে।	**অপরিবর্তিত**	

ধারা	উপ-ধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
৫			**লাইসেন্সের মেয়াদ ও নবায়নঃ-**	**অপরিবর্তিত**	
	(১)		বেসরকারী পর্যায়ে মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বা মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স ইস্যু তারিখ হইতে এক বছর এবং ইহা প্রতি এক বছর অন্তর নবায়নযোগ্য হইবে।	**অপরিবর্তিত**	
	(২)		উপ-বিধি (১)-এ বর্ণিত লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।	**অপরিবর্তিত**	
	(৩)		উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র বা মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্রটি সরেজমিনে পরিদর্শন করিবে এবং পরিদর্শন করিবার পর-	**অপরিবর্তিত**	
			(অ) লাইসেন্সিং কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র বা মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্রটি পরিচালনার জন্য প্রযোজ্য শর্তাবলীর মধ্যে কোন শর্ত অপূরণকৃত নাই, তাহা হইলে লাইসেন্সটি নবায়ন করিবে;	**অপরিবর্তিত**	
			(আ) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি এইরূপ পরিলক্ষিত হয় যে, মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র , বেসরকারী মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বা মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্রটি পরিচালনার জন্য প্রযোজ্য শর্তাবলীর মধ্যে কোন প্রয়োজনীয় শর্ত অপূরণকৃত রহিয়াছে এবং প্রয়োজনীয় সুযোগ-সুবিধা বহাল রাখিতে আবেদনকারীর ব্যর্থ হইয়াছে, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদন না মঞ্জুর করিয়া লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হইবার অন্যূন ৭ (সাত) দিন পূর্বে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।	**অপরিবর্তিত**	

ধারা	উপ-ধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫			প্রস্তাবিত বিধিমালা-২০১৭
৬			**লাইসেন্স ফিস ইত্যাদিঃ-**			**৬। লাইসেন্স ফিস ইত্যাদিঃ**
			এই বিধিমালার অধীন প্রদেয় লাইসেন্স এর জন্য নিম্নবর্ণিত হারে লাইসেন্স ও নবায়ন ফিস **"মাদকশুল্ক"** খাতে ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক অথবা সরকার কর্তৃক নির্ধারিত যে কোন তফসিলী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে জমা প্রদান করিতে হইবে। যথাঃ-			**সরকার সময়ে সময়ে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে লাইসেন্স ফি নির্ধারণ/পুনঃ নির্ধারণ করিবে,নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে লাইসেন্স ইস্যু ও নবায়ন করা হইবে।**
	ক্রমিক নং		**কেন্দ্রের প্রকৃতির বিবরণ**	**লাইসেন্স ফিস**	**নবায়ন ফিস**	
	(১)		মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র (যেখানে রোগীর বহির্বিভাগ চিকিৎসা ও পরামর্শ দেওয়া হয়) লাইসেন্স ফিস	১০,০০০	-	
	(২)		মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র (যেখানে রোগীর বহির্বিভাগ চিকিৎসা ও পরামর্শ দেওয়া হয়) নবায়ন ফিস		৫,০০০	
	(৩)		মাদকাসক্তি নিরাময় বা মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র (১০ বেড পর্যন্ত) লাইসেন্স ফিস	২০,০০০		
	(৪)		মাদকাসক্তি নিরাময় বা মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র(১০বেড পর্যন্ত) নবায়ন ফিস		১০,০০০	
	(৫)		মাদকাসক্তি নিরাময় বা মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র (১১-২০ বেড পর্যন্ত) লাইসেন্স ফিস	৩০,০০০		
	(৬)		মাদকাসক্তি নিরাময় বা মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র (১১-২০ বেড পর্যন্ত) নবায়ন ফিস		১৫,০০০	
	(৭)		মাদকাসক্তি নিরাময় বা মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র (২০ এর অধিক বেড) লাইসেন্স ফিস	৫০,০০০		
	(৮)		মাদকাসক্তি নিরাময় বা মাদকাসক্ত পুনর্বাসন কেন্দ্র (২০ এর অধিক বেড) নবায়ন ফিস		২৫,০০০	

ধারা	উপ-ধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
৭			**লাইসেন্স ইত্যাদি হস্তান্তর, স্থানান্তর ও অংশীদার নিয়োগঃ-**		
			লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তার অনুমতি ব্যতীত কোন লাইসেন্স হস্তান্তর বা উহার অংশীদার পরিবর্তন বা অন্য কোন ব্যক্তিকে এজেন্ট হিসাবে নিয়োগ বা কর্তৃত্ব প্রদান করা যাইবে না এবং লাইসেন্সে উল্লিখিত স্থান ব্যতীত উক্ত লাইসেন্স বলে অন্য কোন স্থানে কোন কার্যক্রম পরিচালনা করা যাইবে না।	**অপরিবর্তিত**	
৮			**পরিদর্শনঃ-**		
	(১)		(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স এবং উক্ত লাইসেন্সের অধীন স্থাপিত কেন্দ্রের যন্ত্রপাতি, সাজ-সরঞ্জাম, রোগী ও মাদকদ্রব্যের ব্যবহার সংক্রান্ত রেজিষ্ট্রারসমূহ ও হিসাবের খাতাপত্র পরীক্ষা-নিরীক্ষা, যাচাই, পর্যবেক্ষণ ও পরিদর্শন করিতে পারিবেন।	**অপরিবর্তিত**	
	(২)		প্রত্যেক লাইসেন্সী লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তাকে তাহার চাহিদা মোতাবেক উপ-বিধি (১) এ বর্ণিত পরিদর্শন কাজে সকল প্রকার সহযোগীতা করিবেন।	**অপরিবর্তিত**	
	(৩)		পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শনকালে কোন লাইসেন্সী কর্তৃক লাইসেন্সের কোন শর্ত লংঘনসহ এই বিধিমালা বা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের অধীন লাইসেন্সের জন্য প্রযোজ্য সাধারণ বিধানাবলীর কোন বিধান লংঘন করিতে দেখিলে অবিলম্বে তাহা যথাযথ কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করিবেন।	**অপরিবর্তিত**	

ধারা	উপধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
৯			**লাইসেন্স স্থগিতকরণ ও বাতিলঃ-**		
	(১)		নিম্নবর্ণিত কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা কর্তৃক লাইসেন্সীকে যুক্তিসঙ্গত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া কোন লাইসেন্স বাতিল বা স্থগিত করিতে পারিবে, যথাঃ-	**অপরিবর্তিত**	
		(ক)	আইন বা আইনের অধীন প্রণীত কোন বিধি বা এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করণ:	**অপরিবর্তিত**	
		(খ)	লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা কর্তৃক নির্ধারিত কোন তথ্য বা প্রতিবেদন সরবরাহ না করা বা সরবরাহে অকারণে বিলম্ব করা;	**অপরিবর্তিত**	
		(গ)	লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তার নিকট ভ্রান্ত বা মিথ্যা তথ্য সংগ্রহ করা।	**অপরিবর্তিত**	
		(ঘ)	লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তাকে তদন্তে প্রয়োজনীয় সহযোগীতা না করা;	**অপরিবর্তিত**	
		(ঙ)	এই বিধিমালা দ্বারা নির্ধারিত ফি লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা কর্তৃক নির্ধারিত সময় সীমার মধ্যে পরিশোধ না করা;	**অপরিবর্তিত**	
		(চ)	এই বিধিমালায় উল্লিখিত অন্যান্য যে কোন কারণ।	**অপরিবর্তিত**	
	(২)		উপ-বিধি (১) এর অধীন কোন লাইসেন্স বাতিলের পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা লাইসেন্সটি বাতিলের কারণ উল্লেখ করিয়া সংশ্লিষ্ট লাইসেন্সীকে নোটিশ প্রাপ্তির পনের দিনের মধ্যে লিখিত বক্তব্য, যদি থাকে, উপস্থাপনের নির্দেশ দিয়া একটি কারণ দর্শানো নোটিশ প্রদান করিবেন।	**অপরিবর্তিত**	
	(৩)		উপ-বিধি (২) এর অধীন নোটিশ প্রাপ্তির পর, কোন লিখিত বক্তব্য উপস্থাপন করা হইলে মহাপরিচালক/লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা, উক্ত বক্তব্য প্রাপ্তির দশ দিনের মধ্যে, উক্ত লিখিত বক্তব্য ও সামগ্রিক পরিস্থিতি বিবেচনাপূর্বক কারণ লিপিবদ্ধ করিয়া লাইসেন্স বাতিল করিবেন অথবা লিখিতভাবে অন্য	**অপরিবর্তিত**	

			কোন নির্দেশ বা সিদ্ধান্ত প্রদান করিয়া উহা সংশ্লিষ্ট লাইসেন্সীকে অবহিত করিবেন।		

ধারা	উপ-ধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
	(৪)		উপ-বিধি (৩) এর অধীনে কোন লাইসেন্সীর লাইসেন্স বাতিল করা হইলে বাতিলকরণ তারিখের অষ্টম দিবসে উহা কার্যকর হইবে এবং এই সময়ের মধ্যে কোন মাদকাসক্তিব্যক্তি উক্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসাধীন থাকিলে কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অনতিবিলম্বে উক্ত রোগীকে অন্য কোন মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে স্থানান্তরের ব্যবস্থা করিবেন।	**অপরিবর্তিত**	
১০			**আপীল ও পুনঃবিবেচনাঃ-**	**অপরিবর্তিত**	
	(১)		এই বিধিমালার অধীন প্রদত্ত কোন আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত আদেশ জারীর তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে সরকারের নিকট আপীল করিতে পারিবেন।	**অপরিবর্তিত**	
	(২)		সরকার কর্তৃক এই বিধিমালার অধীন প্রদত্ত কোন আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত আদেশ জারীর তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে উক্ত আদেশ পুনঃবিবেচনার জন্য সরকারের নিকট দরখাস্ত করিতে পারিবেন।	**অপরিবর্তিত**	
	(৩)		উপ-ধারা (১) ও (২) এর অধীন দায়েরকৃত আপীল ও দাখিলকৃত পুনঃবিবেচনা দরখাস্তের ক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।	**অপরিবর্তিত**	
				১১) চিকিৎসা গ্রহণে অনিচ্ছুক রোগী ভর্তিঃ বৈধ অভিভাবক এর অনুমতি সাপেক্ষে রোগীর অনিচ্ছা সত্বেও কেন্দ্রসমূহ রোগীকে ভর্তি ও চিকিৎসা সেবা প্রদান করিতে পারিবে। তবে অনিচ্ছুক রোগীকে চিকিৎসা দেয়ার ক্ষেত্রে বৈধ অভিভাবকের লিখিত অনুমতি এবং পূর্ব থেকে সংশ্লিষ্ট থানাকে এবং স্থানীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসকে অবহিত করিতে হইবে।	বর্তমানে অনেক মাদকসেবী নিজেকে মাদকাসক্ত মনে করেনা এবং চিকিৎসা গ্রহণ করতে চায়না। তারা পরিবারের ও সমাজের অনেক অনিষ্ট করে থাকে। এ সমস্ত রোগীদের জন্য বাধ্যতামূলক চিকিৎসার প্রয়োজন।
				১২) অগ্নিনির্বাপন ব্যবস্থার আবশ্যকতাঃ চিকিৎসা ও পূনর্বাসনের জন্য পরিচালিত সকল আবাসিক কেন্দ্রের গুরুত্বপূর্ণ স্থানে পর্যাপ্ত সংখ্যক অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপন করিতে হইবে।	মাদকাসক্তির চিকিৎসা, পূনর্বাসন ও পরামর্শ কেন্দ্রসমূহের চিকিৎসা ব্যবস্থা মানসম্মত করার লক্ষ্যে বিধিতে অন্তর্ভূক্তকরণের প্রস্তাব করা হইয়াছে।

ধারা	উপ-ধারা	দফা	বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭	যৌক্তিকতা
				১৩) মাদকাসক্তির কেইস হিস্ট্রি সংরক্ষণঃ মাদকাসক্তি চিকিৎসা ও পরামর্শ বা পূনর্বাসন কেন্দ্রের রেজিস্ট্রিভূক্ত প্রত্যেক রোগীর জন্য পৃথক পৃথক নথি সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত নথিতে রোগীর ছবিসহ সমগ্র কেইস হিস্ট্রি সংরক্ষণ করিতে হইবে।	মাদকাসক্তির চিকিৎসা ও পরামর্শ বা পূনর্বাসন কেন্দ্রসমূহের চিকিৎসা ব্যবস্থা মানসম্মত করার লক্ষ্যে বিধিতে অন্তর্ভূক্তকরণের প্রস্তাব করা হইয়াছে।
				১৪) প্রদত্ত সেবার ব্যাপারে অভিযোগঃ প্রত্যেক চিকিৎসা ও পূনর্বাসন কেন্দ্রে প্রদত্ত যে কোন সেবার বিষয়ে আসক্ত ব্যক্তি ও তাহার পরিবার অভিযোগ করিবার জন্য চিকিৎসা ও পূনর্বাসন কেন্দ্রের অভ্যর্থনাস্থলে প্রকাশ্যভাবে একটি অভিযোগ বহি ও অভিযোগ বক্স সংরক্ষণ করিতে হইবে। অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়মিত অভিযোগ বহি ও অভিযোগ বক্স পরীক্ষা করিবেন এবং অভিযোগের বিষয়টি যাচাই-বাছাই করবেন। যাচাই-বাছাই করে সত্যতা পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তা আইনানুগ ব্যবস্থা নিতে পারিবেন।	মাদকাসক্তির চিকিৎসা, পুনর্বাসন ও পরামর্শ কেন্দ্রসমূহের চিকিৎসা ব্যবস্থা মানসম্মত করার লক্ষ্যে বিধিতে অন্তর্ভূক্তকরণের প্রস্তাব করা হইয়াছে।
				১৫) অপচিকিৎসা ও অবৈধভাবে মাদকজাতীয় ঔষধ ব্যবহারের দন্ডঃ কোন ব্যক্তি মাদকাসক্তির চিকিৎসা, পরামর্শ বা পূনর্বাসন এর নামে যদি কোন অপচিকিৎসা কিংবা এই বিধিমালার বিধান বহির্ভূত ও অনৈতিক কোন কার্যক্রম পরিচালনা করেন এবং যথাযথভাবে লাইসেন্স/পারমিট/পাস গ্রহণ ব্যতীত মাদকাসক্তির চিকিৎসায় মাদক জাতীয় কোন দ্রব্য ব্যবহার করেন, তাহা হইলে তিনি অন্যুন ৫ (পাঁচ হাজার) টাকা ও অনুর্ধ্ব ৫০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থ দন্ড, কিংবা অনুর্ধ্ব ০১ (এক) বছর পর্যন্ত কারাদন্ডে অথবা উভয় দন্ডে দন্ডিত হবেন।	মাদকাসক্তির চিকিৎসা, পুনর্বাসন ও পরামর্শ কেন্দ্রসমূহের চিকিৎসা ব্যবস্থা মানসম্মত করার লক্ষ্যে বিধিতে অন্তর্ভূক্তকরণের প্রস্তাব করা হইয়াছে।

বিদ্যমান বিধিমালা-২০০৫	প্রস্তাবিত বিধিমালা-২০১৭
ফরম-ক **[বিধি ৩ (২) দ্রষ্টব্য]** **লাইসেন্সের জন্য আবেদন ফরম** বরাবর, মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ১, সেগুনবাগিচা, ঢাকা। মাধ্যমঃ উপ-পরিচালক .... উপ-অঞ্চল ....। ১। আবেদনকারীর নাম ঃ ২। পিতার নাম ঃ ৩। আবেদনকারীর পেশা ও ঠিকানা ঃ (ক) বর্তমান ঠিকানা ঃ (খ) স্থায়ী ঠিকানা ঃ ৪। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ৫। স্থাপনের সন ও তারিখ ঃ ৬। অবকাঠামোগত বর্ণনা ঃ (প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত করা যাইবে) ৭। যে কার্যক্রমের উদ্দেশ্যে কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য লাইসেন্সের আবেদন করা হয়েছে (টিক দিন) (ক) মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র (খ) মাদকাসক্তি নিরাময় কেন্দ্র (গ) মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র (ঘ) একাধিক লাইসেন্সের জন্য আবেদন করা হইলে বর্ণনা ঃ ৮। বেসরকারী সংস্থা হিসাবে নিবন্ধিত কিনা? হ্যাঁ/না। ৯। যদি হ্যাঁ হয় সেইক্ষেত্রে নিবন্ধন নম্বর, তারিখ, নিবন্ধনের মেয়াদকাল এবং প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা, ইত্যাদির বিবরণঃ ১০। চিকিৎসকের সংখ্যা ঃ (ক) সার্বক্ষণিক চিকিৎসা ঃ.....................................জন। (খ) খন্ডকালীন চিকিৎসক ঃ.................................... জন। (গ) খন্ডকালীন মনোচিকিৎসক ঃ .... জন। (ঘ) অন্যান্য কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ঃ.......................জন। (নিয়োজিত চিকিৎসক ও মনোচিকিৎসকের নাম, ঠিকানাসহ তালিকা প্রদান করিতে হইবে।)	**ফরম - ক** **[বিধি ৩ (২) দ্রষ্টব্য]** **লাইসেন্সের জন্য আবেদন ফরম** বরাবর, মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা। মাধ্যমঃ উপ-পরিচালক/সহকারী পরিচালক উপ-অঞ্চল/জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় ....। ১। আবেদনকারীর নাম ঃ ২। পিতার নাম ঃ ৩। আবেদনকারীর পেশা ও ঠিকানা ঃ (ক) বর্তমান ঠিকানা ঃ (খ) স্থায়ী ঠিকানা ঃ ৪। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ৫। স্থাপনের সন ও তারিখ ঃ ৬। অবকাঠামোগত বর্ণনা ঃ (প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত করা যাইবে) ৭। যে কার্যক্রমের উদ্দেশ্যে কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য লাইসেন্সের আবেদন করা হয়েছে (টিক দিন) (ক) মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র (খ) মাদকাসক্তি নিরাময় কেন্দ্র (গ) মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র (ঘ) একাধিক লাইসেন্সের জন্য আবেদন করা হইলে বর্ণনা ঃ ৮। বেসরকারী সংস্থা হিসাবে নিবন্ধিত কিনা? হ্যাঁ/না। ৯। যদি হ্যাঁ হয় সেইক্ষেত্রে নিবন্ধন নম্বর, তারিখ, নিবন্ধনের মেয়াদকাল এবং প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা, ইত্যাদির বিবরণঃ ১০। চিকিৎসকের সংখ্যা ঃ (ক) সার্বক্ষণিক চিকিৎসা ঃ.....................................জন। (খ) খন্ডকালীন চিকিৎসক ঃ.................................... জন। (গ) খন্ডকালীন মনোচিকিৎসক ঃ .... জন। (ঘ) অন্যান্য কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ঃ.......................জন। (নিয়োজিত চিকিৎসক ও মনোচিকিৎসকের নাম, ঠিকানাসহ তালিকা প্রদান করিতে হইবে।)

১১। কোন বিদেশী চিকিৎসক বা পরামর্শ নিয়োজিত থাকিলে তাহার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি আছে কিনা উহার বর্ণনা।

১২। কেন্দ্রে চিকিৎসার জন্য কোন মাদকদ্রব্য ব্যবহার করা হইলে সেই সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের ব্যবহৃত লাইসেন্স গ্রহণ করা হইয়াছে কিনা উহার বর্ণনা।

১৩। কেন্দ্রে ব্যবহৃত জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রের তালিকা
(প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত করা যাইবে)।

১৪। আমি হলফ করিয়া এই মর্মে করিতেছি যে, উপরের প্রদত্ত তথ্যাবলী সত্য, ইচ্ছাকৃতভাবে কোন তথ্য গোপন করি নাই বা ভূল তথ্য প্রদান করি নাই এবং আমি আরো ঘোষণা করিতেছি যে, আমি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধি ১৯৯৯ ও উক্ত আইনের অধীন প্রণীত যে কোন বিধিমালা ও এই বিধিমালার বিধান, লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আদেশ এবং এই লাইসেন্সের সকল শর্তাবলী পালনে বাধ্য থাকিব।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল মোহর ঃ

নামঃ

পিতার নামঃ

ঠিকানাঃ

তারিখঃ

(আবেদনে বর্ণিত তথ্যাবলী সমর্থনে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।)

১১। কোন বিদেশী চিকিৎসক বা পরামর্শ নিয়োজিত থাকিলে তাহার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি আছে কিনা উহার বর্ণনা।

১২। কেন্দ্রে চিকিৎসার জন্য কোন মাদকদ্রব্য ব্যবহার করা হইলে সেই সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের ব্যবহৃত লাইসেন্স গ্রহণ করা হইয়াছে কিনা উহার বর্ণনা।

১৩। কেন্দ্রে ব্যবহৃত জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রের তালিকা
(প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত করা যাইবে)।

১৪। আমি হলফ করিয়া এই মর্মে করিতেছি যে, উপরের প্রদত্ত তথ্যাবলী সত্য, ইচ্ছাকৃতভাবে কোন তথ্য গোপন করি নাই বা ভূল তথ্য প্রদান করি নাই এবং আমি আরো ঘোষণা করিতেছি যে, আমি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধি ১৯৯৯ ও উক্ত আইনের অধীন প্রণীত যে কোন বিধিমালা ও এই বিধিমালার বিধান, লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আদেশ এবং এই লাইসেন্সের সকল শর্তাবলী পালনে বাধ্য থাকিব।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল মোহর ঃ

নামঃ

পিতার নামঃ

ঠিকানাঃ

তারিখঃ

(আবেদনে বর্ণিত তথ্যাবলী সমর্থনে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।)

<table>
<tr><th>বিদ্যমান বিধিমালা-২০০৫</th><th>প্রস্তাবিত বিধিমালা-২০১৭</th></tr>
<tr><td>
ফরম-খ
[বিধি ৩ (৫) (ক) দ্রষ্টব্য]
লাইসেন্স

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১৫ (খ) এবং বেসরকারী মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০০২ এর বিধি............... এর বিধান অনুসারে লাইসেন্সিং বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা................. নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/উহার...................... তারিখের .... আবেদনের প্রেক্ষিতে বেসরকারী মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বা মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করিল ঃ
(১) লাইসেন্স নম্বর...
(২) লাইসেন্সের মেয়াদকাল...
(৩) লাইসেন্সের ধার্যকৃত ফিসের পরিমাণ টাকা ঃ.............................
(৪) লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, ইত্যাদি ঃ.................................
(৫) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের মালিক/প্রধানের নাম ও পদবী ঠিকানা, ইত্যাদি ঃ.............
(৬) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান স্থাপনের সন ও তারিখ ঃ ....
(৭) যে উদ্দেশ্যে লাইসেন্স প্রদান করা হলো ঃ...
(ক) মাদকাসক্তিপরামর্শ কেন্দ্র
(খ) মাদকাসক্তি নিরাময় কেন্দ্র
(গ) মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র
(ঘ) যদি একাদিক উদ্দেশ্য হয় উহার বিবরণ
(৮) বেড সংখ্যা ঃ
(৯) চিকিৎসকের সংখ্যা ঃ (ক) সার্বক্ষণিক চিকিৎসকঃ..................জন।
(খ) খন্ডকালীন চিকিৎসক ঃ...................জন।
(গ) মনোচিকৎসক ঃ......................... জন।
(১০) কেন্দ্রে নিয়োজিত অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের সংখ্যাঃ.................................... জন।
(১১) বেসরকারী সংস্থা/সমাজসেবা নিবন্ধন/লাইসেন্স নং............................... প্রদানকারী কর্তৃপক্ষ..................তাং.......................... মেয়াদকাল ....(প্রযোজ্য ক্ষেত্রে)।

লাইসেন্সের শর্তাবলীঃ-
১। এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে এবং আবেদনপত্রে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোথাও বেসরকারী মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করা যাইবে না।
</td><td>
ফরম-খ
[বিধি ৩ (৫) (ক) দ্রষ্টব্য]
লাইসেন্স

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ (১৯৯০ সনের ২০নং আইন) এর ধারা ১৫ (খ) এবং বেসরকারী মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০১৭ এর বিধি.............. এর বিধান অনুসারে লাইসেন্সিং বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা................ নিম্নবর্ণিত শর্তাবলী ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার/ উহার .... তারিখের.........................আবেদনের প্রেক্ষিতে বেসরকারী মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র বা মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করিল ঃ
(১) লাইসেন্স নম্বর...
(২) লাইসেন্সের মেয়াদকাল...
(৩) লাইসেন্সের ধার্যকৃত ফিসের পরিমাণ টাকা ঃ.............................
(৪) লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, ইত্যাদি ঃ.................................
(৫) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের মালিক/প্রধানের নাম ও পদবী ঠিকানা, ইত্যাদি ঃ.............
(৬) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান স্থাপনের সন ও তারিখ ঃ ....
(৭) যে উদ্দেশ্যে লাইসেন্স প্রদান করা হলো ঃ...
(ক) মাদকাসক্তিপরামর্শ কেন্দ্র
(খ) মাদকাসক্তি নিরাময় কেন্দ্র
(গ) মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র
(ঘ) যদি একাদিক উদ্দেশ্য হয় উহার বিবরণ
(৮) বেড সংখ্যা ঃ
(৯) চিকিৎসকের সংখ্যা ঃ (ক) সার্বক্ষণিক চিকিৎসকঃ..................জন।
(খ) খন্ডকালীন চিকিৎসক ঃ...................জন।
(গ) মনোচিকৎসক ঃ......................... জন।
(১০) কেন্দ্রে নিয়োজিত অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের সংখ্যাঃ.................................... জন।
(১১) বেসরকারী সংস্থা/সমাজসেবা নিবন্ধন/লাইসেন্স নং............................... প্রদানকারী কর্তৃপক্ষ..................তাং.......................... মেয়াদকাল ....(প্রযোজ্য ক্ষেত্রে)।

লাইসেন্সের শর্তাবলীঃ-
১। এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে এবং আবেদনপত্রে উল্লিখিত স্থান ব্যতীত অন্য কোথাও বেসরকারী মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ও মাদকাসক্তিপুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা করা যাইবে না।
</td></tr>
</table>

২। এই লাইসেন্স এই বিধিমালার বিধি ৫ এবং ৬ এর বিধান অনুসারে লাইসেন্স ফিস প্রদান সাপেক্ষে নবায়ন করা হইবে।

৩। লাইসেন্সী লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সময় সময় চাহিদা অনুযায়ী সকল ধরণের তথ্যাদি সরবরাহ মূলে সরবরাহ করিতে বাধ্য থাকিবে এবং কেন্দ্রের চিকিৎসা প্রদানের সাথে সংশি- ষ্ট ব্যক্তি এবং ক্ষেত্রমত চিকিৎসক উক্ত কেন্দ্রের চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত একটি রেজিষ্ট্রার সংরক্ষণ করিবেন এবং উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করিবেনঃ

(ক) মাদকাসক্তিব্যক্তির নাম ও ঠিকানা;
(খ) সংশ্লিষ্ট চিকিৎসকের নাম ও ঠিকানা;
(গ) প্রযোজ্য ক্ষেত্রে নির্ণীত রোগের নাম;
(ঘ) প্রদত্ত চিকিৎসা সেবার মৌলিক তথ্যাদি;
(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষা নিরীক্ষার রিপোর্ট ও উহার মৌলিক তথ্যাদি।

৪। মাদকাসক্তি চিকিৎসার জন্য কোন মাদকদ্রব্য ব্যবহার করিতে হইলে উহার জন্য ক্ষেত্রমত উপযুক্ত কর্তৃপক্ষের বা লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তার অনুমোদন বা লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

৫। কেন্দ্রে কোন বিদেশী চিকিৎসক বা পরামর্শক নিয়োজিত থাকিলে বা করিতে ইচ্ছা পোষণ করিলে সেইক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তার অনুমতি গ্রহণ করিতে হইবে।

৬। মাদকাসক্তদেরকে কোন কেন্দ্রে কোন ধরণের আর্থিক সুবিধা কর্মকান্ডে নিয়োজিত করা হইলে তাহাদেরকে উপযুক্ত পাশ্রিমিক প্রদান করিতে হইবে।

৭। এই লাইসেন্স গ্রহণকালে আবেদনকারী কোন ভূল তথ্য পরিবেশন করিলে কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৯ ও উক্ত আইনের অধীন প্রণীত যে কোন বিধিমালা ও এই বিধিমালার বিধান, লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আদেশ এবং এই লাইসেন্সের কোন শর্তাবলী বা কোন আদেশ লংঘন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, স্থগিত বা প্রত্যাহার করিতে পারিবেন।

৮। অন্য যে কোন শর্ত (যদি থাকে)।

২। এই লাইসেন্স এই বিধিমালার বিধি ৫ এবং ৬ এর বিধান অনুসারে লাইসেন্স ফিস প্রদান সাপেক্ষে নবায়ন করা হইবে।

৩। লাইসেন্সী লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সময় সময় চাহিদা অনুযায়ী সকল ধরণের তথ্যাদি সরবরাহ মূলে সরবরাহ করিতে বাধ্য থাকিবে এবং কেন্দ্রের চিকিৎসা প্রদানের সাথে সংশি- ষ্ট ব্যক্তি এবং ক্ষেত্রমত চিকিৎসক উক্ত কেন্দ্রের চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত একটি রেজিষ্ট্রার সংরক্ষণ করিবেন এবং উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করিবেনঃ

(ক) মাদকাসক্তিব্যক্তির নাম ও ঠিকানা;
(খ) সংশ্লিষ্ট চিকিৎসকের নাম ও ঠিকানা;
(গ) প্রযোজ্য ক্ষেত্রে নির্ণীত রোগের নাম;
(ঘ) প্রদত্ত চিকিৎসা সেবার মৌলিক তথ্যাদি;
(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষা নিরীক্ষার রিপোর্ট ও উহার মৌলিক তথ্যাদি।

৪। মাদকাসক্তি চিকিৎসার জন্য কোন মাদকদ্রব্য ব্যবহার করিতে হইলে উহার জন্য ক্ষেত্রমত উপযুক্ত কর্তৃপক্ষের বা লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তার অনুমোদন বা লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

৫। কেন্দ্রে কোন বিদেশী চিকিৎসক বা পরামর্শক নিয়োজিত থাকিলে বা করিতে ইচ্ছা পোষণ করিলে সেইক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তার অনুমতি গ্রহণ করিতে হইবে।

৬। মাদকাসক্তদেরকে কোন কেন্দ্রে কোন ধরণের আর্থিক সুবিধা কর্মকান্ডে নিয়োজিত করা হইলে তাহাদেরকে উপযুক্ত পাশ্রিমিক প্রদান করিতে হইবে।

৭। এই লাইসেন্স গ্রহণকালে আবেদনকারী কোন ভূল তথ্য পরিবেশন করিলে কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৯ ও উক্ত আইনের অধীন প্রণীত যে কোন বিধিমালা ও এই বিধিমালার বিধান, লাইসেন্সিং কর্তৃপক্ষ বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত আদেশ এবং এই লাইসেন্সের কোন শর্তাবলী বা কোন আদেশ লংঘন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রদানকারী কর্তৃপক্ষ উহা বাতিল, স্থগিত বা প্রত্যাহার করিতে পারিবেন।

৮। অন্য যে কোন শর্ত (যদি থাকে

বিদ্যমান বিধিমালা-২০০৫

ফরম-গ

[বিধি ৪ (১) (গ) দ্রষ্টব্য]

প্রতি দশ বেডের জন্য জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি

প্রত্যেক কেন্দ্রে প্রতি দশ বেডের জন্য নিম্নবর্ণিত জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি থাকিতে হইবে, যথাঃ-

ক্রমিক নং	অত্যাবশ্যক ঔষধপত্র, উপকরণ ইত্যাদির বিবরণ	অত্যাবশ্যক ঔষধপত্র, উপকরণ ইত্যাদির জন প্রতি বিবরণ
১	২	৩
(১)	বিছানাপত্রসহ খাট	প্রতিজনের জন্য পৃথক
(২)	খাটের পার্শ্ব লকার/টেবিল	প্রতিজনের জন্য পৃথক
(৩)	জরুরী বিদ্যুৎ সরবরাহ/জেনারেটর এর ব্যবস্থা	কেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে
(৪)	স্যালাইন	১ সেট
(৫)	জেনারেল ইন্স্ট্রুমেন্ট সেট	১ সেট
(৬)	ক্যাথিটারস রাইলসটিউব, স্টমাক টিউব, ফ্লেটাস টিউব	১ সেট
(৭)	প্যাশেন্ট ট্রলি	১ টা
(৮)	স্ট্রেচার	১টা
(৯)	বেড প্যান	২ টা
(১০)	ইউরিনাল	৪ টা
(১১)	ডুচ ক্যান	২ টা
(১২)	ফ্লো মিটার ও মাস্কসহ অক্সিজেন সিলিন্ডার	২ টা
(১৩)	এম্বু ব্যাগ	২ টা
(১৪)	ট্রান্সফিউশন সেট	২ টা
(১৫)	ইলেকট্রিক সাকার	১ টা
(১৬)	স্টেরিলাইজার	১ টা
(১৭)	সার্জিকাল কাঁচি,ব্লেড ইত্যাদি	১ সেট
(১৮)	রেফ্রিজোরেটর	১ টা
(১৯)	পর্যাপ্ত আলোর ব্যবস্থা	কেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে
(২০)	ক্ষেত্রমত প্রয়োজনীয় অন্যান্য জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি	

লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর, পদবী ও তারিখ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

দিলদার আহমদ

উপ-সচিব (প্রশাসন)।

প্রস্তাবিত বিধিমালা-২০১৭

ফরম-গ

[বিধি ৪ (১) (গ) দ্রষ্টব্য]

প্রতি ত্রিশ বেডের জন্য জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি

প্রত্যেক কেন্দ্রে প্রতি ত্রিশ বেডের জন্য নিম্নবর্ণিত জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি থাকিতে হইবে, যথাঃ-

ক্রমিক নং	অত্যাবশ্যক ঔষধপত্র, উপকরণ ইত্যাদির বিবরণ	অত্যাবশ্যক ঔষধপত্র, উপকরণ ইত্যাদির জন প্রতি বিবরণ
১	২	৩
(১)	বিছানাপত্রসহ খাট	প্রতিজনের জন্য পৃথক
(২)	খাটের পার্শ্ব লকার/টেবিল	প্রতিজনের জন্য পৃথক
(৩)	জরুরী বিদ্যুৎ সরবরাহ/জেনারেটর এর ব্যবস্থা	কেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে
(৪)	স্যালাইন	১ সেট
(৫)	জেনারেল ইন্স্ট্রুমেন্ট সেট	১ সেট
(৬)	ক্যাথিটারস রাইলসটিউব, স্টমাক টিউব, ফ্লেটাস টিউব	১ সেট
(৭)	প্যাশেন্ট ট্রলি	১ টা
(৮)	স্ট্রেচার	১টা
(৯)	বেড প্যান	২ টা
(১০)	ইউরিনাল	৪ টা
(১১)	ডুচ ক্যান	২ টা
(১২)	ফ্লো মিটার ও মাস্কসহ অক্সিজেন সিলিন্ডার	২ টা
(১৩)	এম্বু ব্যাগ	২ টা
(১৪)	ট্রান্সফিউশন সেট	২ টা
(১৫)	ইলেকট্রিক সাকার	১ টা
(১৬)	স্টেরিলাইজার	১ টা
(১৭)	সার্জিকাল কাঁচি,ব্লেড ইত্যাদি	১ সেট
(১৮)	রেফ্রিজোরেটর	১ টা
(১৯)	পর্যাপ্ত আলোর ব্যবস্থা	কেন্দ্রের জন্য প্রয়োজন অনুসারে
(২০)	ক্ষেত্রমত প্রয়োজনীয় অন্যান্য জীবনরক্ষাকারী উপকরণাদি ও অত্যাবশ্যক ঔষধপত্রাদি	

তদন্তকারী কর্মকর্তার স্বাক্ষরঃ

নাম ঃ

পদবী ঃ

তারিখঃ